**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 14.07.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-35 AM** **Editor : DSS**

**DEO: KB** **Compile. & NRT : DSS**

**খবর পড়ছিঃ-**

*********************************************************************

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক আজ তৃতীয় ‘নমস্তে দিবস’ পালন করতে চলেছে। # মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রবীন্দ্র সদনে।

২/ বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে ডুবে যাওয়া পুর্ব মেদিনীপুরের একটি ট্রলার থেকে ৯ জন মৎস্যজীবীর মৃতদেহ উদ্ধারের ঘটনায় রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন। # প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবার পিছু এককালীন ২’লক্ষ টাকা করে দেওয়ার ঘোষণা।

৩/ কৃষি ক্ষেত্রের উন্নয়নে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান, রাজ্যকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

৪/ শ্রাবণী মেলায় পুন্যার্থীদের সুবিধার্থে রাজ্য সরকার, শেওড়াফুলি থেকে তারকেশ্বর পর্যন্ত প্রতি পাঁচ কিলোমিটার অন্তর ‘সেবা কেন্দ্র’ তৈরির সিদ্ধান্ত নিয়েছে। #মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ তারকেশ্বর যাচ্ছেন।

৫/ রাজ্য আজ শুরু হচ্ছে অরণ্য উৎসব। # চলবে বিশে জুলাই পর্যন্ত।

৬/ রাজ্য সরকার সুপ্রিম কোর্টে OBC মামলা থেকে সরে আসবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। #আগামী বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ১৫’ই ফেব্রুয়ারী।

৭/ সক্রিয় মৌসুমী অক্ষরেখা, ঘূর্ণাবর্ত-এর প্রভাবে, রাজ্যে বেশ কিছু জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*********************************************************************

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক আজ, তৃতীয় 'নমস্তে দিবস' পালন করতে চলেছে। ২০২৩-এ 'ন্যাশনাল অ্যাকশন ফর মেকানাইজড স্যানিটেশন ইকোসিস্টেম' প্রকল্প চালু হওয়ার তিন বছর পূর্তি উপলক্ষে মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রবীন্দ্র সদনে। পাশাপাশি 'দিব্য কলা মেলা'র আয়োজন করা হচ্ছে। একইসঙ্গে দেশের বিভিন্ন পুরসভা ও পুরনিগমগুলিতেও আয়োজন করা হচ্ছে বিশেষ কর্মসূচির।

কলকাতার রবীন্দ্র সদনের অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ড. বীরেন্দ্র কুমার এবং প্রতিমন্ত্রী রামদাস আঠাওয়ালে উপস্থিত থাকবেন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও সেখানে অংশ নেবেন।

উল্লেখ্য, পরিবেশ রক্ষায় নিকাশী নালা ও সেপটিক ট্যাংক পরিস্কারের কাজে যুক্ত ব্যক্তি, স্বচ্ছতা কর্মী, বর্জ্য সংগ্রহকারী এবং মাথায় করে মল বহনকারীদের ভূমিকাকে সম্মান জানানোই দিনটি পালনের মূল উদ্দেশ্য।

**************************

বঙ্গোপসাগরে মাছ ধরতে গিয়ে ডুবে যাওয়া পুর্ব মেদিনীপুরের একটি ট্রলার থেকে উদ্ধার ৯ জন মৎস্যজীবীর মৃতদেহ সনাক্তকরণের জন্য কাটাপুকুর মর্গে রাখা হয়েছে। দেহগুলিতে অতিরিক্ত পচন ধরায়, তা' সনাক্তকরণ সম্ভব হচ্ছেনা। DNA পরীক্ষার জন্য ওই মৎস্যজীবীর পরিবারের সদস্যদের রক্তের নমুনা সংগ্রহ করা হয়েছে। এদিকে ট্রলারের ৬'জন মৎসজীবি এখনো নিখোঁজ। তাঁদের সন্ধানে তল্লাশি চলছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী তাঁর জাতীয় ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবার পিছু এককালীন ২'লক্ষ টাকা দেওয়ার কথাও ঘোষণা করেছেন।

এদিকে, রাজ্যের মৎস্য মন্ত্রী রাজেশ মাহাতো গতকাল কাকদ্বীপ পুলিশ মর্গে গিয়ে নিহত মৎস্যজীবীদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। তাঁদের সবরকমভাবে সহযোগিতার পাশাপাশি, উদ্ধার হওয়া মৃতদেহগুলির পরিচয় নিশ্চিত করতে, দ্রুত DNA পরীক্ষার'ও আশ্বাস দেন তিনি।

( বাইট- রাজেশ মাহাতো )

আগেই জানানো হয়েছে, ১৫ জন মৎস্যজীবীকে নিয়ে 'এফবি মা কালী', নামে ট্রলারটি, দোসরা জুলাই শঙ্করপুর সমুদ্র বন্দর থেকে সাগরে পাড়ি দেয়। ৫'ই জুলাই সেটির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। ভারতীয় নৌবাহিনী, উপকূল রক্ষী বাহিনী ও রাজ্য সরকারের বিভিন্ন সংস্থা যৌথভাবে তল্লাশি চালিয়ে রবিবার দক্ষিণ ২৪ পরগণার রক্তেশ্বর চরের কাছে ডুবে যাওয়া ট্রলারটি উদ্ধার করে।

*************************

কৃষি ক্ষেত্রের উন্নয়ন ও কৃষকদের মানোন্নয়নে কেন্দ্রীয় সরকার, রাজ্যকে সব ধরনের সহযোগিতা করবে বলে আশ্বাস দিয়েছে। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল দুদিনের সফরে কলকাতা পৌঁছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে এক বৈঠকে মিলিত হন। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু জানানো না হলেও, কৃষকদের উন্নয়নে রাজ্যে চালু থাকা বিভিন্ন প্রকল্প, ধানও পাটের ন্যূনতম সহায়ক মূল্য, আধুনিক কৃষি প্রযুক্তি ও কেন্দ্রীয় প্রকল্প চালু করা নিয়ে তাঁদের মধ্যে কথাবার্তা হয় বলে জানা গেছে। সারের দাম নাগালের মধ্যে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলেও কৃষিমন্ত্রী, আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রীকে ।

*************************

দেশে সামগ্রিক জলের চাহিদা পূরণ করতে ও ভূগর্ভস্থ জলের সঞ্চয় বাড়াতে ভারত সরকার বৃষ্টির জল সংরক্ষণে একগুচ্ছ পরিকল্পনা হাতে নিয়েছে। জল শক্তি অভিযান প্রকল্পের মাধ্যমে "ক্যাচ দা রেইন" স্লোগানকে সামনে রেখে বৃষ্টির জল ধরে রাখা ও জলাশয় গুলির সংস্কারে হাত দেওয়া হয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

*************************

'আজকের প্রসঙ্গে'র এবারের বিষয়- 'বিকশিত ভারতের লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প'। ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেডের আঞ্চলিক জেনারেল ম্যানেজার ডঃ অনুপম গায়েনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী।

অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

****************************

এবছর শ্রাবণী মেলায় পুন্যার্থীদের সুবিধার্থে রাজ্য সরকার, হুগলীর শেওড়াফুলি থেকে তারকেশ্বর পর্যন্ত ৩০ কিলোমিটার দীর্ঘ রাস্তার প্রতি পাঁচ কিলোমিটার অন্তর, 'সেবা কেন্দ্র' তৈরির সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে রথযাত্রা উপলক্ষে আয়োজিত সমন্বয় বৈঠকে একথা জানান। জলপাইগুড়ির জল্পেশ, আলিপুরদুয়ারের জয়ন্তী এবং তারকেশ্বর মন্দিরে জল ঢালতে আসা ভক্তদের জন্য পুলিশী সহায়তা কেন্দ্র, অস্থায়ী স্বাস্থ্য শিবির ও বিশ্রামের জায়গা থাকবে বলেও তিনি জানিয়েছেন। তারকেশ্বর মন্দিরকে সাজিয়ে তুলতে ১৫ কোটি টাকা খরচ করা হবে।

( বাইট- শুভেন্দু/ তারকেশ্বর )

শ্রাবণী মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী আজ তারকেশ্বর যাবেন।

****************************

রাজ্যে আজ শুরু হচ্ছে অরণ্য উৎসব। চলবে ২০শে জুলাই পর্যন্ত। বনদপ্তর সূত্রে জানা গেছে,পশ্চিমবঙ্গকে আরও সবুজ,পরিবেশবান্ধব ও টেকসই করে তোলার লক্ষ্যে সরকার এবছর এক কোটির'ও বেশি চারাগাছ রোপণের উদ্যোগ নিয়েছে।

বনদপ্তর সূত্রে জানা গেছে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে অরণ্য উৎসব-২০২৬ শুধুমাত্র একটি বৃক্ষরোপণ কর্মসূচি নয়, চিরস্থায়ী উন্নয়নের একটি সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গির প্রতিফলন বলেও উল্লেখ করা হয়েছে।

এদিকে, অরণ্য সপ্তাহ উপলক্ষে কলকাতা পুরসভার পক্ষ থেকে বৃক্ষরোপণ কর্মসূচি নেওয়া হয়েছে। "একটি গাছ মায়ের নামে" বৃক্ষরোপণের এই প্রচার কর্মসূচি পালিত হবে কলকাতা পুরসভার অন্তর্গত সব কটি বোরো এলাকায়।

****************************

রাজ্য সরকার, সুপ্রিম কোর্টে OBC সংরক্ষণ মামলা থেকে বেরিয়ে আসবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। বিকাশ ভবনে গতকাল শিক্ষা দপ্তরের সঙ্গে

পর্যালোচনা বৈঠকের পর মুখ্যমন্ত্রী বলেন, পূর্বতন সরকার ওবিসি সংরক্ষণ নিয়ে জটিলতা তৈরি করেছিল। এ নিয়ে তারা সুপ্রিম কোর্টেও যায়। সেই মামলার জন্য নিয়োগ প্রক্রিয়া থমকে রয়েছে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, সুপ্রিম কোর্টে ওবিসি সংরক্ষণ মামলা থেকে রাজ্য সরকার বেরিয়ে এলে নিয়োগ প্রক্রিয়া দ্রুত হবে। স্বচ্ছভাবে, মেধার ভিত্তিতে ও সংরক্ষণ মেনে নিয়োগ করা হবে বলে তিনি আশ্বাস দিয়েছেন।

*************************

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলি সঠিকভাবে চলছে কিনা তা দেখতে পরিদর্শন করবে রাজ্য সরকার। বিকাশ ভবনে গতকাল শিক্ষা দপ্তরের পর্যালোচনা বৈঠকের পর মুখ্যমন্ত্রী বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলি যদি সঠিকভাবে চলে ও ঠিকমতো ফি নেয়, তাহলেই তাদের আগামী দিনে ছাড়পত্র দেওয়া হবে। রাজ্য সরকার, শিক্ষাকে পণ্য করতে দেবে না বলে স্পষ্ট জানিয়ে দেন তিনি। এছাড়াও মুখ্যমন্ত্রী জানান, ছাত্রছাত্রীরা যাতে বেসরকারি শিক্ষার উপর নির্ভর না করে তার জন্য সরকারি শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ করা হবে।

অন্যদিকে, স্কুলের পরিচালন সমিতিতে অভিভাবকরা যাতে চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হতে পারেন তার জন্য বিধানসভার আসন্ন অধিবেশনে আইন সংশোধন করা হবে বলে শ্রী অধিকারী ঘোষণা করেন।

*************************

মাধ্যমিক পরীক্ষার আগামী বছরের সময় সূচি প্রকাশ করেছে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। ১৫ ই ফেব্রুয়ারি থেকে শুরু হয়ে পরীক্ষা চলবে ২৫ শে ফেব্রুয়ারি পর্যন্ত।
সকাল ১০ টা ৪৫ থেকে পরীক্ষা শুরু হবে। ১৫ মিনিট প্রশ্নপত্র পড়ার সময় দেওয়া হবে। ১১ টা থেকে উত্তর লেখা শুরু করতে পারবে পরীক্ষার্থীরা।

*************************

সক্রিয় মৌসুমী অক্ষরেখা, ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায়, রাজ্যে বেশ কিছু জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির

পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই গতকাল থেকে দফায় দফায় বৃষ্টি চলেছে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির 'হলুদ সতর্কতা' জারি করা হয়েছে। সমুদ্র উত্তাল থাকায়, মৎস্যজীবীদের আগামীকাল থেকে শুক্রবার পর্যন্ত সাগরে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গেও হিমালয় সন্নিহিত পাঁচ জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

*************************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের ম্যাচে গতকাল মোহনবাগান ৪-০ গোলে পাঠচক্রকে হারিয়ে দিয়েছে। মহামেডান স্পোর্টিং আজ তাদের প্রথম ম্যাচে রেনবো অথলেটিক্স ক্লাবের বিরুদ্ধে খেলবে। মহামেডান স্পোর্টিং মাঠে খেলা শুরু হবে বিকেল সাড়ে তিনটেয়।

*******************************************************************